

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

Website: www.bb.org.bd

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

ডিএফআইএম সাকুলার নং-০১

তারিখ : ১১ ফাল্গুন ১৪২৭
২৪ ফেব্রুয়ারি ২০২১

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

আর্থিক প্রতিষ্ঠানের লভ্যাংশ ঘোষণা প্রসঙ্গে


বৈশ্বিক মহামারি COVID-19 (Novel Coronavirus Disease) এর প্রভাব হতে সৃষ্ট চ্যালেঞ্জ মোকাবেলায় ব্যয় সাশ্রয়ী পরিচালন প্রক্রিয়া অনুসরণের পাশাপাশি মূলধন সাশ্রয়ী ও তারল্য সহায়ক লভ্যাংশ বণ্টন নীতিমালা অত্যাবশ্যিক। এ লক্ষ্যে লভ্যাংশ ঘোষণায় নিম্নোক্ত নির্দেশনা অনুসরণের জন্য পরামর্শ প্রদান করা হলো:

১. যে সকল আর্থিক প্রতিষ্ঠান সংরক্ষিতব্য সংস্থান না রেখে বাংলাদেশ ব্যাংক হতে ঘাটতি সমন্বয়ে Deferral সুবিধা ভোগ করছে, সে সকল আর্থিক প্রতিষ্ঠান সম্পূর্ণ সংস্থান সংরক্ষণের পূর্বে কোন প্রকার নগদ লভ্যাংশ ঘোষণা করবে না। তবে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন সাপেক্ষে সর্বোচ্চ ৫% স্টক লভ্যাংশ ঘোষণা করতে পারবে;
২. যে সকল আর্থিক প্রতিষ্ঠানের শ্রেণিকৃত ঋণের হার ১০% এর বেশি রয়েছে, সে সকল আর্থিক প্রতিষ্ঠান বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন ব্যতীত কোন প্রকার লভ্যাংশ ঘোষণা করবে না;
৩. যে সকল আর্থিক প্রতিষ্ঠানের **CAR% (Capital Adequacy Ratio)** ১০% এর কম এবং শ্রেণিকৃত ঋণের হার ১০% এর বেশি রয়েছে, সে সকল আর্থিক প্রতিষ্ঠান কোন প্রকার লভ্যাংশ ঘোষণা করতে পারবে না;
৪. এতদ্ব্যতীত, সামগ্রিক পরিস্থিতি বিবেচনায় আর্থিক প্রতিষ্ঠানসমূহের নগদ লভ্যাংশের হার ১৫% এর মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত



(মোঃ জুলকার নায়েন)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১৭৮